

## ডাকসু নির্বাচন : ভোট চলাকালে যেসব আচরণবিধি ভঙ্গ করলেই শাস্তি



বহুল প্রতীক্ষিত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের ভোটগ্রহণ আজ মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল ৮টায় শুরু হয়েছে। বিকেল ৪টা পর্যন্ত একটানা চলবে এ ভোটগ্রহণ। বিশ্ববিদ্যালয়ের আটটি কেন্দ্রের ৮১০টি বুথে শিক্ষার্থীরা ভোট দিচ্ছেন।

এদিকে এই নির্বাচনের ভোটগ্রহণ থেকে শুরু করে ফলাফল ঘোষণা হওয়ার আগ পর্যন্ত বেশ কিছু আচরণবিধি রয়েছে।

যেগুলো ভঙ্গ করলে শাস্তির মুখোমুখি হতে।

আচরণবিধির মধ্যে রয়েছে— ভোটারদের আনা-নেওয়ার ক্ষেত্রে যানবাহন ব্যবহার না করা, ভোটারকে ভয়ভীতি প্রদর্শন, বলপ্রয়োগ ও ভোটদানে বাধা না দেওয়া, ভোটকেন্দ্রের অভ্যন্তরে জটনা তৈরি

না করা এবং ভোটকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ভোটারদের স্লিপ বিতরণ না করা।

ডাকসুর আচরণবিধির ৩(খ)-তে বলা হয়েছে, নির্বাচনের দিন ভোটকেন্দ্রে বা কেন্দ্র থেকে ভোটারদের আনা-নেওয়ার জন্য কোনো ধরনের যানবাহন (মোটরসাইকেল, রিকশা, ঘোড়ার গাড়ি ইত্যাদি) ব্যবহার করা যাবে না।

নির্বাচনের দিন শান্তি-শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে শুধু চিফ রিটার্নিং অফিসার অথবা রিটার্নিং অফিসার কর্তৃক অনুমোদিত যানবাহন নির্বাচনী এলাকায় চলাচল করতে পারবে।

তবে নির্বাচনের দিন প্রার্থী, ভোটার ও শিক্ষার্থীরা ভোটকেন্দ্রে আসার ক্ষেত্রে বাইসাইকেল, রিকশা ব্যবহার করতে পারবে।

ন



ডাকসু নির্বাচন সফলভাবে সম্পন্ন হোক : উপদেষ্টা আসিফ

কোনো প্রার্থী বা তার পক্ষে অন্য কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা ভোটারকে ভয়ভীতি প্রদর্শন, বলপ্রয়োগ ও ভোটদানে বাধা দিতে পারবেন না।

ভোটকেন্দ্রে প্রবেশের পর মোবাইল ফোন ও ইলেকট্রনিক যোগাযোগের সব মাধ্যম বন্ধ রাখতে হবে। বুথের অভ্যন্তরে

কোনোভাবেই এ ধরনের কোনো ডিভাইস ব্যবহার করা যাবে না  
বা কোনো ধরনের ছবি তোলা যাবে না।

ভোটদানের পর অবিলম্বে ভোটারদের কেন্দ্র ত্যাগ করতে হবে।  
ভোটদানের উদ্দেশ্যে ভোটের লাইন ছাড়া ভোটকেন্দ্রের অভ্যন্তরে  
জটলা তৈরি করা যাবে না এবং দীর্ঘ সময় উপস্থিত থাকতে পারবে  
না।

নির্বাচনের দিনে ভোটার এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক,  
কর্মকর্তা-কর্মচারী ও অনুমতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া ক্যাম্পাসে অন্য  
সবার প্রবেশ নিষিদ্ধ থাকবে।

কোনো প্রার্থী বা তার পক্ষে অন্য কোনো ভোটার নির্বাচনের দিন  
ভোটার স্লিপ দিতে পারবেন না। তবে শর্ত থাকে যে ভোটকেন্দ্রের  
১০০ মিটারের মধ্যে ভোটার স্লিপ বিতরণ করা যাবে না।

ন



বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এ বয়ান ফেলে দিতে হবে

আচরণবিধির এসব বিধি-নিষেধ পরিপালন না করলে প্রার্থীকে  
শাস্তির বিধানও রাখা হয়েছে বিধিমালায়। এতে বলা হয়েছে,  
কোনো প্রার্থী বা তার পক্ষে কেউ নির্বাচনী আচরণবিধি ভঙ্গ করলে  
সর্বোচ্চ ২০ হাজার টাকা জরিমানা, প্রার্থিতা বাতিল অথবা

বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার অথবা রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী অন্য যেকোনো দণ্ডে দণ্ডিত হবেন।

এবারের নির্বাচনে ডাকসুর ২৮টি পদে ৪৭১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে নারী প্রার্থী ৬২ জন। সহ-সভাপতি (ভিপি) পদে ৪৫ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৯ জন এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে ২৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নারী প্রার্থীদের মধ্যে ভিপি পদে ৫ জন, জিএস পদে একজন ও এজিএস পদে ৪ জন প্রার্থী রয়েছেন। এবার ভোট দেবেন মোট ৩৯ হাজার ৭৭৫ জন শিক্ষার্থী। এর মধ্যে ছাত্র ভোটার ২০ হাজার ৮৭৩ জন এবং ছাত্রী ভোটার ১৮ হাজার ৯০২ জন।